



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৪.২৩.৩১৪৪

বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি পদ বাতিল করণ প্রসঙ্গে

সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশাসন/২২১২২১২৮৬২৩১/৫৯৭৯৬/নথি নং-৩১ তারিখ: ২২-০২-২০২৩ খ্রি:।

২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশা/সিরাজ-৩১/৩৩৫ তারিখ: ২৪.০৮.২০২২ খ্রি:।

৩। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর পত্র নং ০৫.৪৩.৮৮৯৪.০০৬.০৫.০০৪.২০-২৬৪ তারিখ: ০৭.০৩.২০২৩ খ্রি:।

৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৩১/৮৪ তারিখ: ১০.০৫.২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন মনোহরা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়েছে। উক্ত ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারের বিরুদ্ধে দুর্নীতি ও আর্থিক লেনদেনের মাধ্যমে নিরাপত্তা কর্মী ও আয়া নিয়োগ দিয়েছেন উল্লেখ করে মোঃ সাহেব আলী অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের আলোকে সূত্রোক্ত ২নং স্মারক পত্রের আলোকে সূত্রোক্ত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্তে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুল মালেক একজন সাজাপ্রাপ্ত আসামি হওয়ায় সূত্রোক্ত ৪নং স্মারকে কারণ দর্শানো পত্র দেয়া হয়েছে। মাদ্রাসার সুপার কারণ দর্শানোর জবাব দাখিল করেছেন কিন্তু সভাপতি কারণ দর্শানোর সময় বৃদ্ধির জন্য আবেদন করেন কিন্তু কতদিন তা উল্লেখ্য করেননি। কারণ দর্শানোর জবাব যাচাই করে দেখা যায় দাখিলী Criminal Appeal No. 7811/2012 এ প্রদত্ত অর্ন্তবর্তী কালীন আদেশ মোতাবেক জামিনে আছেন, দন্ড স্থগিত আছে মর্মে প্রতীয়মান হয়না, কারণ দর্শানোর নোটিশের জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৮ অনুযায়ী সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়ন বাতিল করা হলো এবং প্রবিধান ৮(৫) অনুসরণ করে সভাপতি নির্বাচন পূর্বক অনুমোদনের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

২৯-০১-২০২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার
chairman@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, সুপার/ভারপ্রাপ্ত সুপার, মনোহরা দাখিল মাদ্রাসা (128623), ডাকঘর-বালসাবাড়ী, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৪.২৩.৩১৪৪/১(১১)

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
- ৬। ম্যানজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., শাখা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
- ৭। সদস্যগণ (ম্যানেজিং কমিটি), মনোহরা দাখিল মাদ্রাসা(128623), ডাকঘর-বালসাবাড়ী, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
- ৮। মোঃ সাহেব আলী (অভিযোগকারী), Village- Khodro Monohora, Post- Balshabari, Upazila- Ullapara, Dist- Sirajganj;
- ৯। জনাব মোঃ আব্দুল মালেক (সাবেক সভাপতি), মনোহরা দাখিল মাদ্রাসা, ডাকঘর-বালসাবাড়ী, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
- ১০। পিওটু চেয়ারম্যান/পিএটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ১১। আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



২৯-০১-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার